দৈনিক ইনকিলাব

04 JUN 1992

তারিখ 04 JUN 1992 পৃষ্ঠা 6 কলাম 3

63

# শিক্ষাঙ্গন

## আরো বিশ্ববিদ্যালয় প্রয়োজন

বর্তমানে বাংলাদেশে যতগুলো সমস্যা রয়েছে তার মধ্যে শিক্ষা সমস্যা সবচেয়ে প্রকট। প্রাথমিক শিক্ষার চেয়ে উচ্চ শিক্ষা গ্রহণ অধিক সমস্যার। এর কারণ বহুবিধ। তবে দুঃখের বিষয় হচ্ছে বহুদিন ধরে এ সকল সমস্যা সমাধানের কোন চেষ্টা হচ্ছে না। যার ফলে প্রতি বছর হাজার হাজার ছেলে শুধুমাত্র সুযোগের অভাবে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। অনেকে রাগে-দুঃখে লেখাপড়ার ইতি টানছে। এটা বড়ই মর্মান্তিক ব্যাপার। দেশ শিক্ষিত জনশক্তি থেকে বঞ্চিত হবে। অল্প শিক্ষিত বেকারের চেয়ে উচ্চ শিক্ষিত বেকার অনেক ভালো। কিন্তু শিক্ষার সুযোগের চরম অভাব। আমাদের বাংলাদেশে উচ্চ শিক্ষার ইচ্ছা থাকলেও সুযোগ নেই। এর ফলে প্রতি বছর কয়েক হাজার মেধাবী শিক্ষার্থী দেশের বাইরে পাড়ি জমাচ্ছে। ফলে, দেশ বিরাট আকারের জনসম্পদ বা বিশেষজ্ঞ সম্পদ থেকে বঞ্চিত হচ্ছে। এই অবস্থা চলতে থাকলে দেশে অরাজকতা এবং নৈরাজ্য ও যুবকদের মধ্যে শতাশা বৃদ্ধি পাবে। অতএব সরকারের উচিত অতিসত্বর শিক্ষার প্রসারতা বৃদ্ধি করা। পত্রিকান্তরে জানা গেছে, ১০টি বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য বিভিন্ন বেসরকারী পর্যায় থেকে আবেদন এসেছে। এটা খুবই আনন্দের বিষয় এবং দেশের স্বার্থে ১০টি বিশ্ববিদ্যালয়কেই অনুমোদন দেয়া উচিত। যাতে অন্ততঃ ১০ হাজার ছেলে-মেয়ে উচ্চ শিক্ষার সুযোগ পেতে পারে। এটা খুবই সাহসী পদক্ষেপ। পৃথিবীর বড় বড় দেশগুলোতে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সংখ্যা সরকারী বিশ্ববিদালয়ের চেয়ে অনেক বেশী। সম্প্রতি যে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হচ্ছে তাও প্রশংসার দাবীদার।

এতে বহুমুখী শিক্ষার যে সুযোগ থাকবে তা দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাবে। এছাড়া দেশে আরো টেকনিক্যাল ইউনিভারসিটি প্রতিষ্ঠা করা প্রয়োজন। যাতে কারিগরী ক্ষেত্রে আমাদের বিদেশী সাহায্য গ্রহণ না করতে হয়। সর্বোপরি দেশের বৃহত্তর উন্নয়নের স্বার্থে আরো বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা প্রয়োজন।

—কাজী জিয়াউল করিম জুয়েল